

হাজী মহসিন কলেজে ছাত্রলীগের দুই পক্ষের মধ্যে উত্তেজনা

নিজস্ব
প্রতিবেদক,
চট্টগ্রাম

০৪
অক্টোবর,
২০২৩
২২:০৫

শেয়ার

অ +

অ -



ফাইল ছবি

চট্টগ্রামের সরকারি হাজী মুহাম্মদ মহসিন কলেজে ছাত্রলীগের দুই পক্ষের মধ্যে ধাওয়া-ধাওয়ার ঘটনা ঘটেছে। এ সময় খুরশীদ বিন সোহাদ নামের এক কর্মী আহত হন। বুধবার দুপুরে এ ঘটনা ঘটে।

কলেজ শাখা ছাত্রলীগের যুগ্ম আহ্বায়ক মায়মুন উদ্দিন মামুন বলেন, ‘একাদশ শ্রেণির ভর্তি কার্যক্রম চলার সময় একটা তুচ্ছ বিষয় নিয়ে কথা কাটাকাটির জের ধরে একটু সমস্যা হয়েছিল।

পরে আমরা বিষয়টি সমাধান করেছি।’

চকবাজার থানার ওসি মনজুর কাদের মজুমদার
জানান, মহসিন কলেজে ছাত্রলীগের দুইপক্ষের মধ্যে
ঝামেলা হয়েছিল। পরে তারা নিজেরা সমাধান করেছে।
অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

সাধারণ শিক্ষার্থীদের সূত্রে জানা যায়, একাদশ শ্রেণিতে
ভর্তি হওয়া নবীন শিক্ষার্থীদের নিজেদের পক্ষে আসার
আহবান জানায় ছাত্রলীগের একাধিক পক্ষ-উপপক্ষ।
এ নিয়ে নেতাদের সঙ্গে কথা কাটাকাটি হয়। এক
পর্যায়ে তাদের মধ্যে ধাওয়াধাওয়া শুরু হয়। পরে পুলিশ
পৌঁছেলে পরিস্থিতি স্বাভাবিক হয়।